

## লাইব্রেরিতে পড়াশোনা ॥ ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরি

চমৎকার ছিমছাম পরিবেশে গড়ে ওঠা একটি লাইব্রেরির নাম ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরি। এমন সাজানো-গোছানো আধুনিক লাইব্রেরির সবকিছু শুধু সাজানো-গোছানোই নয়, তা নিয়ন্ত্রণের জন্য প্রয়োগ করা হয়েছে অত্যাধুনিক প্রযুক্তি।

**কোথায় ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরি**  
শিক্ষা আর সংস্কৃতি চর্চার অগ্রকেন্দ্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুলার রোডে ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরির অবস্থান। কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত এই লাইব্রেরিতে রয়েছে পড়াশোনার এক অন্যরকম পরিবেশ।

**লাইব্রেরির বইয়ের ধরন**  
বাংলাদেশ এবং ব্রিটেনের ইতিহাস, ঐতিহ্য, সাহিত্য ছাড়াও বিশ্বের অনেক দেশের ইতিহাস, ঐতিহ্য আর সাহিত্য সম্পর্কিত বইপত্র এখানে পাওয়া যায়। এ ছাড়াও আরও যেসব বিষয়ে পর্যাপ্ত বই রয়েছে সেগুলো হচ্ছে— বিভিন্ন বিশ্বকোষ, অভিধান, ইতিহাস, ঐতিহ্য, সাহিত্য, বিজ্ঞান, খেলাধুলা, ভ্রমণ কাহিনী, ভূগোল, ধর্ম, দর্শন, স্বাস্থ্য, পুষ্টি, অর্থনীতি এবং রাজনীতি। আর এসবের পাশাপাশি রয়েছে নানা রকম সাময়িকী এবং জার্নাল। এ ছাড়াও ব্রিটেনের শীর্ষস্থানীয় বিভিন্ন দৈনিক, সাপ্তাহিকের নতুন সংখ্যাও পাওয়া যায়।

**কারা আসতে পারেন**  
লাইব্রেরিতে পড়াশোনার জন্য যে কেউ আসতে পারেন। এ ক্ষেত্রে কোন শ্রেণীভেদ নেই, তবে এ জন্য আপনাকে অবশ্যই লাইব্রেরির সদস্য হতে হবে।

**সদস্য হওয়ার নিয়ম**  
লাইব্রেরির সদস্য হতে হলে লাইব্রেরির

নিজস্ব ফরমের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদস্য তোলা এক কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হয়। আবেদনপত্র জমা দেয়ার সময় সদস্য ফী ছাত্রদের জন্য ৪০০ টাকা এবং অন্যদের জন্য ৫০০ টাকা জমা দিতে হয়।

**সদস্য হওয়ার পর**  
সদস্য হওয়ার পর লাইব্রেরি ওয়ার্ক করতে আপনার আর কোন সমস্যা নেই। শেলফ থেকে বই খুঁজে বের করার জন্য কম্পিউটারে ক্যাটালগ ঢোকানো আছে। আপনার যদি কম্পিউটার জানা না থাকে তাহলে সহায়তার জন্য সংশ্লিষ্ট লোককে বললেই সাহায্যে সহায়তা এগিয়ে আসবেন। সদস্য হওয়ার পর আপনি এক সপ্তাহে কমপক্ষে চারটি বই বাসায় আনতে পারবেন। তবে নিজের কার্ড দিয়ে অন্য কাউকে বই নিয়ে দেয়ার কোন সুযোগ নেই।

**সদস্যদের জন্য সুবিধা**  
যাঁরা এক বছরের জন্য সদস্য হন তাঁরা লাইব্রেরিতে রাখা কম্পিউটারের মাধ্যমে বিভিন্ন ধরনের ডকুমেন্টারি ডিউও দেখার সুযোগ পেয়ে থাকেন। এ ছাড়া ইংরেজী শেখার একটা বড় সুযোগ রয়েছে। লাইব্রেরিতে রাখা বিভিন্ন ইংরেজী দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক পত্রিকা এবং বিভিন্ন ধরনের জানাল পড়ার পাশাপাশি যে কোন প্রয়োজনীয় অংশ ফটোকপি করে নেয়ার সুযোগ আপনার রয়েছে।

**সময়সীমা**  
বৃহস্পতি ও শুক্রবার ছাড়া প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৬টা পর্যন্ত খোলা থাকে।